গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
কার্যক্রম বিভাগ
"ন্যাশনাল রেজিলিয়েন্স প্রোগ্রাম (প্রোগ্রামিং ডিভিশন পার্ট)" শীর্ষক প্রকল্প
শেরে বাংলা নগর, ঢাকা

বিষয়ঃ "ন্যাশনাল রেজিলিয়েন্স প্রোগ্রাম (প্রোগ্রামিং ডিভিশন পার্ট)" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটি (PSC) এর ২য় সভার কার্যবিবরণী।

পরিকল্পনা কমিশনের আওতায় কার্যক্রম বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন "ন্যাশনাল রেজিলিয়েন্স প্রোগ্রাম (প্রোগ্রামিং ডিভিশন পার্ট)" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটি (PSC) এর ২য় সভা কমিটির সভাপতি পরিকল্পনা বিভাগের সচিব এবং কার্যক্রম বিভাগের সদস্য জনাব মোঃ নুরুল আমিন এর সভাপতিত্বে গত ১৭ এপ্রিল ২০১৯ তারিখে অনুষ্ঠিত হয় । সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের উপস্থিতির তালিকা পরিশিষ্ট-'ক' সংযুক্ত করা হলো ।

২। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে গত ১২/১১/২০১৮ তারিখে অনুষ্ঠিত প্রকল্প স্টিয়ারিং কমিটির ১ম সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত দৃঢ়করণ করা হয়। অত:পর সভার আলোচ্য সূচি অনুযায়ী উপস্থাপনার জন্য "ন্যাশনাল রেজিলিয়েন্স প্রোগ্রাম (প্রোগ্রামিং ডিভিশন পার্ট)" শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক ও কার্যক্রম বিভাগের উপ-প্রধান ড. নুরুন নাহারকে আহ্বান জানান। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক নিম্নোক্ত বিষয়সমূহ উপস্থাপন করেন।

৩। প্রকল্পের জানুয়ারী-মার্চ'২০১৯ প্রান্তিকের কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে প্রকল্প পরিচালক জানান যে, আলোচ্য প্রকল্পের সহযোগিতায় Risk Information Platfrom চালু করার লক্ষ্যে ১৪টি মন্ত্রণালয়ের প্রতিনিধিদের উপস্থিতিতে গত ২৫-০২-২০১৯ তারিখে একটি পরামর্শ সভা অনুষ্ঠিত হয় । এ কাজের জন্য একটি ফার্ম নিয়োগের লক্ষ্যে টার্মস অব রেফারেন্স প্রণয়ন করা হচ্ছে, যা টেকনিক্যাল এডভাইজরী গ্রুপের সদস্যদের মতামত নিয়ে চূড়ান্ত করা হবে। তিনি আরো জানান যে, Disaster Impact Assessment (DIA) টুলস্ তৈরীর লক্ষ্যে করণীয় বিষয়ে আলোচনার জন্য গত ২৫-০৩-২০১৯ তারিখে টেকনিক্যাল এডভাইজরী গ্রুপের সদস্যদের অংশগ্রহনে একটি কর্মশালা অনুষ্ঠিত হয় । উক্ত সভায় DIA পরামর্শক নিয়োগের জন্য প্রস্তুতকৃত খসড়া ToR উপস্থাপন করা হয়। প্রণীত ToR টি শীঘ্র চুড়ান্ত করার পর ইউএনডিপিকে বিজ্ঞপ্তি প্রদানের জন্য অনুরোধ জানানো হবে। সভায় অংশগ্রহনকারী কর্মকর্তাবৃন্দ প্রস্তাবিত DIA কে বর্তমানে প্রচলিত EIA এর সাথে একীভূত করার পরামর্শ দেন। প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম সম্পর্কে তিনি জানান যে, গত ২৯-৩০ মার্চ ২০১৯ সাভারে ২ দিন ব্যাপী আয়োজিত আবাসিক প্রশিক্ষণে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এর ২৪ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

৪। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ |
|---|---|---|
| ০১ | "ন্যাশনাল রেজিলিয়েন্স প্রোগ্রাম (প্রোগ্রামিং ডিভিশন পার্ট)" শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন বিষয়ে উন্নয়ন সহযোগী সংস্থা ও অর্থনৈতিক | ক) DFID কর্তৃক অর্থায়নের মেয়াদ বৃদ্ধির বিষয়ে ইআরডিকে পত্র দিতে হবে; |

| | | |
|---|---|---|
| | সম্পর্ক বিভাগ কর্তৃক প্রজেক্ট ডকুমেন্ট জুলাই ২০১৭ সালে স্বাক্ষরিত হয়। প্রোডক স্বাক্ষরের তারিখ হতে প্রকল্প মেয়াদ গণনা করায় আগামী জুলাই ২০২০ এ প্রকল্প সাহায্য অর্থায়নের প্রকল্প মেয়াদ শেষ হবে এবং DFID এ সময়সীমার পর অর্থায়ন করার বিষয়ে আগ্রহ প্রকাশ করেনি। সভায় উপস্থিত ইআরডি'র প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করা হয় এবং DFID কে এ বিষয়ে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়। কার্যক্রম বিভাগ এর প্রতিনিধি বলেন যে যেহেতু ৩১ জুলাই ২০১৮ তারিখে প্রকল্প পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদন হয়েছে এবং প্রকল্পের জনবল নিয়োগসহ কার্যক্রম শুরু হতে এক বছর অতিবাহিত হয়েছে, সেহেতু প্রকল্পের মেয়াদ এক বছর বৃদ্ধি করা যৌক্তিক হবে। প্রকল্প পরিচালক অবহিত করেন যে প্রকল্পের কাজ বিলম্বে শুরু হওয়ায় এবং প্রকল্পের ফলাফল সঠিক ভাবে অর্জনের জন্য কিছু কার্যক্রমের পরিধি সংশোধন করার প্রয়োজনীয়তা দেখা গেছে। | খ) প্রকল্পের কাজ বিলম্বে শুরু হওয়ার কারণে প্রকল্পের কি কি কাজ অত্যাবশকীয় ভাবে পরিবর্তন/পরিবর্ধন করা প্রয়োজন তা নিরুপণ পূর্বক প্রকল্পের সংশোধন ও মেয়াদ বৃদ্ধি করার উদ্যোগ নিতে হবে। |
| ০২ | সভায় প্রকল্পের আওতায় শিল্পখাতে রিস্ক প্রোফাইল তৈরি এবং শিল্পখাতের বিনিয়োগ পরিকল্পনায় বিজনেস কন্টিনিউটি প্লান অন্তর্ভুক্তির বিষয়ে আলোচনা হয়। দুর্যোগ সহনীয় বিনিয়োগ উৎসাহিত করতে প্রকল্পের উদ্যোগে বিজনেস কনটিনিউটি প্ল্যান (বিসিপি) করার লক্ষ্যে বিজিএমইএ ও চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি এর সাথে সংলাপ, ভেল্যু চেইন এনালাইসিস এবং বিসিপি বিষয়ক প্রশিক্ষণ কারিকুলাম তৈরী করার উদ্যোগ নেয়া হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি বিজনেস গ্রুপের সাথে কার্যক্রম গ্রহণ প্রক্রিয়ায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়কে সম্পৃক্ত করার অনুরোধ জানান। | বিজনেস গ্রুপের (বিজিএমি, ও চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি) সাথে কার্যক্রম গ্রহণ প্রক্রিয়ায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়কে সম্পৃক্ত করতে হবে। |
| ০৩ | প্রশিক্ষণ কর্মসূচী পর্যালোচনা বিষয়ে গত ২৯-৩০ মার্চ ২০১৯ এ সাভারের ব্রাক সিডিএম এ আয়োজিত প্রশিক্ষণের প্রশংসা করা হয় এবং মে মাসে প্রস্তাবিত আবাসিক প্রশিক্ষণ কর্মসূচি ঈদের ছুটির পর জুন মাসে আয়োজনের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। | মে ২০১৯ এ প্রস্তাবিত আবাসিক প্রশিক্ষণ কর্মসূচি ঈদের ছুটির পর জুন মাসে আয়োজন করতে হবে। এ ক্ষেত্রে ২টি প্রশিক্ষণ এর আয়োজন করা যেতে পারে। |
| ০৪ | প্রকল্প পরিচালক অবহিত করেন যে প্রকল্পের আওতায় জাতীয় পরিকল্পনা যথা অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় ঝুকি সংক্রান্ত তথ্যাদি সন্নিবেশে সহায়তা করা একটি অন্যতম কার্যক্রম হলেও ৮ম | (ক) ৮ম পঞ্চ-বার্ষিক পরিকল্পনায় দুর্যোগ ঝুঁকি হ্রাস সংক্রান্ত রেজাল্ট ইনডিকেটর নির্ধারণের লক্ষ্যে ডেল্টা প্ল্যান এ বর্ণিত ৬টি হটস্পটে স্থানীয় |

| | | |
|---|---|---|
| | পরিকল্পনায় জন্য ব্যাকগ্রাউন্ড পেপার তৈরীর কাজ সাধারণ অর্থনীতি বিভাগ সরকারী অর্থায়নে একটি প্রকল্প থেকে নির্বাহ করবে বিধায় এনআরপি'র কর্মপরিকল্পনা থেকে এ কাজটি করা যৌক্তিক হবে না। তবে ৮ম পঞ্চ-বার্ষিক পরিকল্পনায় দুর্যোগ ঝুঁকি হ্রাস সংক্রান্ত রেজাল্ট ইনডিকেটর নির্ধারণের লক্ষ্যে ডেল্টা প্ল্যান এ বর্ণিত ৬টি হটস্পটের স্থানীয় জনগোষ্ঠির মতামতের ভিত্তিতে একটি প্রতিবেদন প্রণয়ন করা যৌক্তিক হবে। উক্ত কাজ সম্পাদনের জন্য ইতোমধ্যে পরামর্শক হিসেবে জনাব মোহাম্মদ আবদুল ওয়াজেদ, সাবেক মহাপরিচলক, দূর্যোগ ব্যবস্থাপনা, গত ০৫/০৪/২০১৯ তারিখে NRP প্রকল্পে যোগদান করেছেন এবং এবিষয়ে কাজ শুরু করেছেন। | জনগোষ্ঠির মতামতের ভিত্তিতে একটি প্রতিবেদন তৈরি করতে হবে।<br>(খ) পরামর্শক কর্তৃক প্রণীত খসড়া প্রতিবেদনের উপর সাধারণ অর্থনীতি বিভাগের মতামত গ্রহণ করতে হবে। |

৫। সভায় আর কোন আলোচ্য সূচি না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১২/৫/১৯

(মোঃ নুরুল আমিন)

সদস্য, কার্যক্রম বিভাগ

ও

সভাপতি, প্রকল্প স্টিয়ারিং কমিটি, এনআরপি প্রকল্প